

তদন্ত

আমার ঘরে হঠাৎ-ই ঢুকে পড়ল --- সশস্ত্র তিনজন। বলল -- তুমি প্রমাণ করে  
 া-- তুমি নিরস্ত্র।  
 বলল--- আপনারা আমার যাবতীয় সব কিছু খুঁজে দেখুন।... এই আমার হ  
 াত, দরজা--  
 জানালা, বাসনপত্র, খোলা বই। ওরা তিনজনই প্রায় একই সাথে বলে উঠল -  
 - ঠিক আছে,  
 আপনি আমাদের সব খুলে খুলে দেখান, এবং অস্ত্র হিসেবে ব্যবহার করা যায়  
 এমন  
 পদার্থের একটা তালিকা তৈরি কন।

তারপর থেকেই আমি কাগজ - কলম হাতে কেবল ছুটছি ছুটছি, রাত তলিয়ে  
 যাচ্ছে অথচ  
 তালিকার অন্ত নেই, শেষ অবধি ভোরের আলো ফোটার আগেই তালিকা জম  
 া পড়ল।  
 আমি হাঁফাতে থাকলাম, গুনতে থাকলাম মুন্ডির প্রহর।

তিনজনের প্রত্যেকেই একবার একবার করে পাতা উল্টাতে উল্টাতে মাথা ন  
 াড়ল।  
 অবশেষে ঘোষণা দিল ঃ হল না। এরপরও তোমাকে প্রমাণ করতে হবে তুমি  
 নিরস্ত্র।

তমালশেখর দে

